



জনসংযোগ কার্যালয়  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১  
ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২  
ওয়েবসাইট: www.juniv.edu



প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সঙ্গে  
এনএসডিএ'র সমঝোতা চুক্তি স্বাক্ষরিত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ০৪ জুন ২০২৪।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সঙ্গে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের (এনএসডিএ) সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষরিত হয়েছে। দক্ষতা উন্নয়ন বিষয়ক সমঝোতা স্মারক চুক্তিতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পক্ষে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. রাশেদা আখতার এবং এনএসডিএ'র পক্ষে সদস্য (যুগ্ম সচিব) মো. জোহর আলী সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

মঙ্গলবার বেলা বারোটায় প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মোঃ মনজুরুল হক, সমাজবিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক বশির আহমেদ, সরকার ও রাজনীতি বিভাগের অধ্যাপক ড. কে এম মহিউদ্দিন এবং এনএসডিএ'র কার্যনির্বাহী কমিটির চেয়ারপার্সন ও প্রধানমন্ত্রীর মুখ্যসচিব মোঃ তোফাজ্জল হোসেন মিয়া, নির্বাহী চেয়ারম্যান ও সরকারের সচিব নাসরীন আফরোজসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

এ চুক্তির আওতায় জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় যৌথভাবে গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করবে। এর মধ্যে রয়েছে দেশীয় ও আন্তর্জাতিক বাজারে চাকরির দক্ষতার চাহিদা নিরূপণ গবেষণা, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের বাজারমুখী বিভিন্ন পেশায় সার্টিফিকেট প্রশিক্ষণ আয়োজন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষিকদের বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে রিসোর্স পারসনে (মাস্টার ট্রেনার) পরিণত করা, বিভিন্ন পেশার চাহিদা অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের ক্যারিকুলাম পরিবর্তন এবং পরিমার্জন করা, ইন্ডাস্ট্রি-একাডেমিয়ার যৌথ উদ্যোগে গবেষণা এবং দক্ষতা উন্নয়ন কার্যক্রম সম্পন্ন করা এবং বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন কর্মকর্তা এবং কর্মচারীর দক্ষতা উন্নয়ন কার্যক্রম হাতে নেয়া।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম তার বক্তব্যে বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর স্মার্ট বাংলাদেশ ভিশন খুবই সময়োপযোগী এবং উদ্ভাবনী নেতৃত্বের উদাহরণ। স্মার্ট বাংলাদেশ রূপরেখার একটি মডেল পাইলট হিসেবে আমরা জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে "স্মার্ট জাহাঙ্গীরনগর ক্যাম্পাস" উদ্যোগ হাতে নিয়েছি। এ উদ্যোগের মাধ্যমে ভবিষ্যতের চাকরির বাজার উপযোগী মানবসম্পদ তৈরির লক্ষ্যে তথ্য প্রযুক্তি নির্ভর নানামুখী দক্ষতা উন্নয়ন কর্মসূচি হাতে নেয়া হবে। তিনি বলেন, আজকের সমঝোতা স্মারক স্বাক্ষর এর প্রেক্ষিতে, আরো একটি মাইল ফলক আমরা অর্জন করতে যাচ্ছি। জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের সহযোগিতায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের আমরা দেশীয় এবং বিশ্বমানের চাকরির বাজারের জন্য সময়োপযোগী দক্ষতা দিয়ে তৈরি করতে পারবো।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচ.ডি  
পরিচালক (ভারপ্রাপ্ত)